

## গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীদের নিউমার্কেট অবরোধ

নিজস্ব প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ইনস্টিটিউট করার দাবিতে রাজধানীর নিউমার্কেট মোড় অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছে গার্হস্থ্য অর্থনীতি কলেজের শিক্ষার্থীরা। গতকাল সকাল ১০টার দিকে রাস্তায় নেমে ব্যানার হাতে বিক্ষোভ শুরু করেন ছাত্রীরা। নিউমার্কেট মোড় অবস্থান নিলে বন্ধ হয়ে যায় যান চলাচল। পরে পুলিশ ও কলেজ কর্তৃপক্ষের অনুরোধে বেলা পৌনে ২টার দিকে ছাত্রীরা অবরোধ সাময়িকভাবে প্রত্যাহার করে। তবে আজও একই কর্মসূচি ঘোষণা দিয়ে রেখেছেন তারা।

গত ১১ মার্চ থেকে ক্লাস-পরীক্ষা বর্জন করে আসা শিক্ষার্থীরা জানান, দাবি পূরণ না হলে তারা ক্লাসে ফিরবেন না। কলেজের কুথিং অ্যান্ড টেক্সটাইল বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী সোমা বলেন— ছয় মাস আগে যখন শিক্ষকদের সঙ্গে আলোচনা করেছিলাম, তখন তারা আমাদের আশ্বাস দিয়েছিলেন মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলে জানাবেন। কিন্তু আমরা মন্ত্রণালয়ে গিয়ে জানতে পারলাম, শিক্ষকরা এ বিষয়ে কোনো আলোচনাই করেননি।

তিনি বলেন, আমাদের ক্লাস ও পরীক্ষা বর্জনের কর্মসূচি বহাল থাকবে। আগামীকাল মঙ্গলবার (আজ) সকাল ১০টায় আবার আমরা নিউমার্কেট মোড় অবরোধ করে আমাদের দাবি জানাব।

শিশু বিকাশ ও সামাজিক সম্পর্ক বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী ইসরাত জাহান জানান, গত বছরের ২১ সেপ্টেম্বর কলেজের অধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করেন তারা। কিন্তু এ বিষয়ে এখনো কোনো উদ্যোগ নেওয়া হয়নি।